# শাস্তি

Adelheid Marie Bwire
Melany Pietersen
Asma Afreen
2
বাংলা bn

একদিন মা অনেক ফল আনলেন।

“কখন আমরা কিছু ফল খেতে পারব?” আমরা জিজ্ঞেস করলাম। “আমরা আজ রাতে ফল খাব,” মা বললেন।

আমার ভাই রহিম লোভী। সে সব ফলের স্বাদ নিল। সে অনেকগুলোই খেয়ে ফেলল।

“দেখ রহিম কি করেছে!” আমার ছোট ভাই চিৎকার করে বলল। “রহিম দুষ্টু এবং স্বার্থপর,” আমি বললাম।

মা রহিমের সাথে রাগ হলেন।

আমরাও রহিমের সাথে রাগ করি। কিন্তু রহিম অনুতপ্ত নয়।

“আপনি কি রহিমকে শাস্তি দিবেন না?” ছোট ভাই জিজ্ঞেস করল।

“রহিম, তুমি শীঘ্রই তোমার ভুল বুঝতে পারবে,” মা সাবধান করলেন।

রহিম অসুস্থবোধ করতে শুরু করল।

“আমার পেট খুব ব্যাথা করছে,” রহিম ফিসফিস করে বলল।

মা জানতেন যে এটা হবে। ফল রহিমকে শাস্তি দিচ্ছে।

পরে রহিম সবার কাছে ক্ষমা চায়। “আমি আর কখনো এত লোভী হব না,” সে প্রতিজ্ঞা করে। এবং আমরা সবাই তাকে বিশ্বাস করি।

# Global Storybooks

globalstorybooks.net

## শাস্তি

Adelheid Marie Bwire
Melany Pietersen
Asma Afreen

CC BY